

Subject - 2nd Language Bengali

Class –VII

Chapter – 2

Answer Key

পদ্য:- 'বঙ্গভূমির প্রতি' - মাইকেল মধুসূদন দত্ত

১। প্রতিশব্দ বা সমার্থক শব্দ:-

কোকনদ- পদ্ম, পঙ্কজ, কমল, কুমুদ।

আকাশ- গগন, থ, বিমান, অম্বর।

নীর- জল, পানি, বারি, সলিল।

২। বিপরীত শব্দ:-

মধুহীন - মধুযুক্ত।

জন্মিলে - মরিলে।

অমৃত - গরল।

গুণ - দোষ।

৩। বাক্য রচনা:-

মিনতি - আমি পড়াশোনা শেষ করে খেলতে যাওয়ার জন্য মায়ের কাছে মিনতি করেছিলাম।

দৈবের - বামাঙ্ক্যাপা তারাপীঠে দৈবের বাণী শুনেছিলেন।

খেদ - আমি অঙ্ক পরীক্ষায় একটি অঙ্ক ভুল করায় আমার মনে খেদ ছিল।

৪। শূন্যস্থান পূরণ:-

ক) প্রবাসে, থসে
আকাশ, খেদ

খ) নরকুলে, লোকে
মন্দিরে, সর্বজন

- ৫।ক)উ:- 'বঙ্গভূমির প্রতি' কবিতাটির কবি হলেন মাইকেল মধুসূদন দত্ত।
- খ)উ:- কবি এই কবিতাটি বঙ্গমাতা বা নিজের জন্মভূমিকে উদ্দেশ্য করে লিখেছেন।
- গ)উ:- কবি বঙ্গজননী বা বঙ্গমাতাকে 'মা' বলে সম্বোধন করেছেন।
- ৬।ক)উ:- কবি বঙ্গজননীর কাছে প্রার্থনা করেছেন যে নিজের মনের সাধ পূরণ করার জন্য জন্মভূমি ত্যাগ করে এসে কবি যদি কোন ভুল করে থাকেন তবু যেন বঙ্গজননী তার সন্তানকে অর্থাৎ কবিকে মনে রাখেন। নিজের মন থেকে বঙ্গমাতা তার সন্তান মধুকবিকে মুছে না ফেলেন। কবি মনে করেন প্রবাসে দৈবের কারণে নিয়তির শিকার হয়ে তার যদি মৃত্যু ঘটে তবুও কবির কোনো দুঃখ নেই।
- খ)উ:- কবি জীবনকে নদীর সাথে তুলনা করেছেন কারণ নদীর জল যেমন স্থির নয়, তেমনি জীবনও স্থির নয়। নদীর জল যেমন তার নিজের গতিতে প্রবাহিত হতে থাকে জীবনও তেমনি তার নিজের গতিতে প্রবাহিত হতে থাকে। কবি বলেছেন নদী নিজের উৎসস্থল থেকে প্রবাহিত হতে হতে কোথায় যে বয়ে চলে তা কারো জানা নেই। জীবনও তেমনি জন্ম থেকে প্রবাহিত হয়ে মৃত্যুর দিকে চলে যায়।
- গ)উ:- কবি বিদেশে থাকলেও দেশের প্রতি তার ভালোবাসা, শ্রদ্ধা একটুও কমেনি। তাই কবি বঙ্গমাতার কাছে প্রার্থনা করেছিলেন যে কবির নানা দোষ - ত্রুটি থাকলেও বঙ্গমাতা যেন কবিকে সবসময় মনে রাখেন অর্থাৎ কবি যেন সমগ্র মানবজগতে মানুষের মনে থাকেন। বঙ্গমাতার মত মানুষ যেন কবিকে সবসময় মনে রাখে। কবি বঙ্গমাতার কাছে এই অমরত্বই প্রার্থনা করেছেন।